

অভিগম্যতা

এসডব্লিউবিএইচ এনএইচএস (SWBH NHS) এমন একটি ওয়েবসাইট দিতে অঙ্গীকারাবদ্ধ যা প্রযুক্তিগত বা আর্থিক সামর্থ্য নিরপেক্ষভাবে যত বেশি সংখ্যক মানুষের কাছে পৌঁছাতে পারে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রতিবন্ধী মানুষজন, দৃষ্টিশক্তির সমস্যাতে ভুগতে থাকা মানুষজন এবং মটর ডেফিসিয়েন্সি ও কগনিটিভ ডিজেবিলিটি থাকা লোকেরা।

এই ওয়েবসাইটের লক্ষ্য হচ্ছে এএ (AA) মানসম্পন্ন ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব কনসোর্টিয়াম (W3C) ওয়েব কন্টেন্ট অ্যাকসেসিবিলিটি গাইডলাইন 2.00 নিশ্চিত করা। এই নির্দেশাবলীতে সকল ধরণের মানুষজনের সহজে ব্যবহার করতে পারার মত ওয়েবসাইট তৈরির বিষয়ে পরামর্শ থাকে।

এই সাইটটিতে এইচটিএমএল (HTML) এবং সিএসএস (CSS) এর জন্য W3C মান নিশ্চিতকারী কোড ব্যবহার করা হয়েছে এবং এটা বর্তমান সময়ের ব্রাউজারগুলোতে নির্ভুলভাবে প্রদর্শিত হয়। মান নিশ্চিতকারী এইচটিএমএল/সিএসএস কোড ব্যবহারের ফলে ভবিষ্যতের যেকোন ব্রাউজারেও এটি নির্ভুলভাবে প্রদর্শিত হবে।

এই সাইটটি দেখতে আপনার যদি কোন সমস্যা হয়, সাইটটির অভিগম্যতার ব্যাপারে যদি আপনি মতামত দিতে চান অথবা আমাদের অভিগম্যতার মান সম্পর্কে জানতে চান তাহলে অনুগ্রহপূর্বক যোগাযোগ করুনঃ

Communications Department
Sandwell & West Birmingham Hospitals NHS Trust,
City Hospital,
Dudley Road,
Birmingham.
B18 7QH
টেলিফোন: +44 (0)121 507 5676
ই-মেইল: swbh.comms@nhs.net

গুগল অনুবাদক

আমাদের দেয়া তথ্যগুলো যাতে তাৎক্ষণিকভাবে অনুবাদ করে নেয়া যায় তা নিশ্চিত করার জন্য আমাদের প্রত্যেকটি ওয়েবসাইটে গুগল ট্রান্সলেটের সুবিধা যুক্ত করা আছে।

একটি অনলাইন স্বয়ংক্রিয় অনুবাদ এজেন্সির মাধ্যমে অনুবাদগুলো হয় বিধায় এতে ভুল-ভ্রান্তি থাকতে পারে। অনুগ্রহপূর্বক এই অনুবাদগুলোকে নিছক একটি খসড়া নির্দেশনা হিসাবে বিবেচনা করুন। এসডব্লিউবিএইচ এনএইচএস ট্রাস্ট এই অনুবাদগুলোর যথার্থতা অথবা এই অনুবাদগুলোতে যেসব তথ্য দেয়া হয় সেগুলোর উপরে নির্ভরতার ব্যাপারে কোন ধরনের দায়ভার বহন করে না।

এই সাইটের দেয়া নেই এমন কোন ভাষাতে কোন একটি তথ্যের অনুবাদ পেতে চাইলে , অনুগ্রহপূর্বক komal.keshavala@nhs.net এর সাথে যোগাযোগ করুন যাতে করে আমরা আপনার জন্য অনুবাদটির ব্যবস্থা করতে পারি।

এই সাইটটি শুনুন

এই সাইটটি এখন স্পিচ- এনাবেল্ড, যার মানে হচ্ছে আপনি আপনার ব্যক্তিগত কম্পিউটারে এখন বিনামূল্যে একটি সফটওয়্যার ডাউনলোড করে নিতে পারেন এবং এই সাইটে দেয়া তথ্যগুলোর পাঠ আপনি শুনতে পারেন।

বিনামূল্যের এই সফটওয়্যারটির নাম ব্রাউসএলাউড , এবং এটি যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রে 7,000 এর বেশি ওয়েবসাইটে ব্যবহৃত হয়।

ব্রাউসএলাউড দিয়ে এই ওয়েবসাইটটি শুনুন

স্মার্টফোন, ট্যাবলেট, পিসি বা ম্যাক আপনি যাই ব্যবহার করুন না কেন , ব্রাউসএলাউড আপনাকে রিডিং সাপোর্ট টুলগুলো বিনামূল্যে সরবরাহ করবে।

ব্রাউসএলাউড কী?

ব্রাউসএলাউড হচ্ছে কতগুলো প্রডাক্ট এর সমষ্টি যা ওয়েবসাইটে রিডিং সাপোর্ট দেয়। ব্রাউসএলাউড ওয়েবসাইটে দেয়া তথ্যগুলো জোরে জোরে পড়তে পারে । উচ্চমানসম্পন্ন,

মনুষ্য-অনুরূপ কণ্ঠে উচ্চারণ করা হয় বিধায় প্রত্যেকটি শব্দকে বিশেষভাবে চিহ্নিত করাতে পারে

অন্য যেসব সুবিধা যুক্ত আছেঃ

- দুই-রংয়ের হাইলাইটিং
- টেক্সট ম্যাগনিফিকেশন
- কথাবলা অভিধান (টকিং ডিকশনারি)
- কথাবলা অনুবাদক (টকিং ট্রান্সলেটর)
- MP3 মেকার
- স্ক্রিন মাস্কিং

7,000 এর অধিক ওয়েবসাইটে ব্রাউসএলাউড ব্যবহৃত হয় , অতএব এটি যদি একবার আপনার ডিভাইসে নিয়ে নেন তাহলে তা দিয়ে আপনি এই সবগুলো ওয়েবসাইটও শুনতে পারবেন।

ব্রাউসএলাউড কাকে সহায়তা কল্পে

অনলাইনে রিডিং সাপোর্ট প্রয়োজন অথবা পড়ে নেয়ার পরিবর্তে এই ওয়েবসাইটে দেয়া তথ্যগুলো কেবল শুনে নিতে চায় , ওয়েবসাইটের এমন যেকোন ভিজিটরকে ব্রাউসএলাউড সহায়তা করতে পারে। প্রিন্ট ডিজএবেলিটি উদাহরণস্বরূপ ডিজলেক্সিয়া বা দৃষ্টিশক্তি র মৃদু সমস্যাক্রান্ত এবং যাদের জন্য ইংরেজি হচ্ছে দ্বিতীয় ভাষা এমন লোকদের জন্য ব্রাউসএলাউড সুনির্দিষ্টভাবে প্রয়োজনীয়।

আমাদের ওয়েবসাইটটি স্পিচ এনাবেল কেম

আমাদের ওয়েবসাইটকে স্পিচ এনাবেল করে নেয়াটা , পড়ে নেয়া কঠিন মনে হওয়া লোকজনের কাছে আমাদের তথ্যগুলো পৌঁছানোর জন্য একটি বাড়তি রাস্তা করে দেয়। এর মধ্যে আছে ডিজলেক্সিয়া বা লার্নিং ডিফিকাল্টিজ থাকা লোকজন , ইংরেজি যাদের প্রথম ভাষা নয় তেমন লোকজন , অথবা দৃষ্টিশক্তির মৃদু সমস্যাক্রান্ত যেকোন লোক। এটি অন্যান্য স্ক্রিন রিডারগুলো প্রতিস্থাপনের জন্য নকশা করা হয়নি।

ব্রাউসএলাউড সামগ্রী থেকে আরও সাহায্য এবং সহায়তা পাবার জন্য ব্রাউসএলাউড এর ওয়েবসাইটে এফএকিউ (FAQ) অংশটি একবার দেখুন।

ব্রাউসএলাউড ডাউনলোড করা

নীচের ইমেজটি ক্লিক করলে আপনি একটি বহিঃস্থ সাইটে দুকে পড়বেন যেখানে আপনি ডাউনলোড এবং ইনস্টলেশন সংক্রান্ত যাবতীয় তথ্যাদি পাবেন। আপনার ব্রাউজারের নীচে ডান কোনাতে থাকা সিস্টেম ট্রেতে ব্রাউসএলাউড এর একটি আইকন স্থাপিত হয়ে যাবে।